# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৫৬

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু‘আ

আরবী

وَعَن بُرَيْدَة قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا دَخَلَ السُّوقَ قَالَ: «بِسْمِ اللَّهِ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَيْرَ هَذِهِ السُّوقِ وَخَيْرِ مَا فِيهَا وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ مَا فِيهَا اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ أَنْ أُصِيبَ فِيهَا صَفْقَةً خَاسِرَةً» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِير

বাংলা

২৪৫৬-[৪১] বুরায়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন বাজারে প্রবেশ করলে বলতেন,

’’বিস্‌মিল্লা-হি, আল্ল-হুম্মা ইন্নী আস্‌আলুকা খয়রা হা-যিহিস্ সূকি ওয়া খয়রা মা- ফীহা-, ওয়া আ’ঊযুবিকা মিন্ শাররিহা- ওয়া শাররি মা- ফীহা-। আল্ল-হুম্মা ইন্নী আ’ঊযুবিকা আন্ উসীবা ফীহা- সফক্বতান খ-সিরাতান’’

(অর্থাৎ- আল্লাহর নামে, হে আল্লাহ! আমি তোমার কাছে বাজারের কল্যাণ এবং এতে যা আছে তার কল্যাণ চাই। আমি আশ্রয় চাই এর অকল্যাণ হতে এবং এতে যা আছে তার অকল্যাণ হতে। হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই, এতে যেন কোন ক্ষয়-ক্ষতি ও ক্রয়-বিক্রয়ের ফাঁদে না পড়ি।)। (বায়হাক্বী- দা’ওয়াতুল কাবীর)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : মুসতাদারাক লিল হাকিম ১৯৭৭, আদ্ দা‘ওয়াতুল কাবীর ৩০০, য‘ঈফ আল জামি‘ ৪৩৯১, মু‘জামুল আওসাত লিত্ব ত্ববারানী ৫৫৩৪, আল কালিমুত্ব ত্বইয়্যিব ২৩১। কারণ এর সানাদে আবূ ‘আমর একজন মাজহূল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামা আল মানাবী (রহঃ) বলেনঃ নিশ্চয় (বাজারে গমনকারী ব্যক্তি) সে বাজারের কল্যাণ চাইবে এবং তার অনিষ্টতা থেকে আশ্রয় প্রার্থনা করবে তার অন্তর থেকে উদাসীনতা দূর করার জন্য। সুতরাং সে এ বাক্যগুলো

পড়বে উদাসীন অবস্থা থেকে বের হওয়ার জন্য। অতএব যে বাজারে প্রবেশ করবে তার জন্য এ কথাগুলো (উল্লেখিত দু‘আ) মুখস্থ করা মুস্তাহাব। যখন এতে প্রবেশকারীগণ এ কালিমাগুলো বলবে তখন অন্তরে যে উদাসীনতা ভর করবে তা দূর হয়ে যাবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন